Kumudini CARES

# Kumudini Bulletin

May-August : 2021

কুমুদিনী বুলেটিন

(মে-আগস্ট ঃ ২০২১)

## কুমুদিনীর গৌরব জয়া পতি

### সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মাননা 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' এ ভূষিত

## Joya Pati - The Pride of Kumudini

### Awarded the highest state honour 'Bangamata Begum Fazilatun Nesa Mujib Padak-2021'




*From L-R : Bangamata Begum Fazilatun Nesa Mujib. Mrs Joya Pati, awardee of Bangamata Begum Fazilatun Nesa Mujib Padak-2021.*

গত ৮ আগস্ট রাজধানীর ওসমানি স্মৃতি মিলনায়তনে ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতি স্বরূপ কুমুদিনীর গৌরব মিসেস জয়া পতি সহ পাঁচজন বিশিষ্ট মহিলাকে প্রথমবারের মতো প্রবর্তিত নারীদের জন্য সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মাননা **'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১'** প্রদান করা হয়।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উক্ত অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। দিবসটির প্রতিপাদ্য বিষয় ছিল 'বঙ্গমাতা, সংকটে-সংগ্রামে নির্ভীক সহযাত্রী'।

**পদকপ্রাপ্ত বিশিষ্ট নারীরা হলেন :**

'শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া' ক্ষেত্রে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মিসেস জয়া পতি (মরণোত্তর); 'স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ' ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক মমতাজ বেগম (মরণোত্তর); 'কৃষি ও পল্লী উন্নয়ন' ক্ষেত্রে নূরুন্নাহার বেগম; 'রাজনীতি' ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ জোবেদা খাতুন পারুল এবং 'গবেষণা' ক্ষেত্রে নাদিম জাহান (সুরমা জাহিদ)।

In recognition of her significant contribution and glorious role in various fields of education, Kumudini's pride Mrs Joya Pati and five other important women of other fields were awarded the highest state honour for women **Bangamata Begum Fazilatun Nesa Mujib Padak-2021** at a virtual ceremony held at Osmani Memorial Auditorium in the capital on August 8, 2021.

Hon'ble Prime Minister Sheikh Hasina was the chief guest at the ceremony organized by the Ministry of Women and Children Affairs on the occasion of the 91st birth anniversary of Bangamata Begum Fazilatun Nesa Mujib. The Prime Minister was connected to the event via video conference from Ganobhaban. Hon'ble State Minister for Women and Children Affairs Fazilatun Nesa Indira presided over the function. The theme of the day was 'Bangamata, Fearless Companion in Crisis and Struggle'.

**Distinguished ladies who received the award are:**

Mrs Joya Pati (posthumous) of Kumudini Welfare Trust in the field of 'Education, Culture and Sports'; Professor Mamtaz Begum (posthumous), a heroic freedom fighter in the field of 'War of Independence and Liberation'; Nurunnahar Begum in the field of 'Agriculture and Rural Development'; heroic

প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এর হাত থেকে মিসেস জয়া পতির প্রাপ্ত মরণোত্তর পদকটি গ্রহণ করেন তাঁর পুত্র মহাবীর পতি। অধ্যাপক মমতাজ বেগম এর মরণোত্তর পদকটি গ্রহণ করেন তাঁর কন্যা অ্যাডভোকেট ফারহানা রেজা। অপর তিনটি পদক স্ব-স্ব ব্যক্তিগণ নিজেরাই গ্রহণ করেন।

প্রদত্ত সম্মাননায় অন্তর্ভুক্ত ছিল ১৮ ক্যারেট মানের ৪০ গ্রাম ওজনের স্বর্ণপদকের একটি রেপ্লিকা, ৪ লক্ষ টাকার একটি চেক, একটি উত্তরীয় এবং একটি সম্মাননা পত্র।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ সায়েদুল ইসলাম। তিনি অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন এবং প্রধানমন্ত্রীর অনুমতি সাপেক্ষে একে একে পদকে ভূষিত বিশিষ্ট নারীদের সংক্ষিপ্ত পরিচিতি পাঠ করেন।

**তার পঠিত মিসেস জয়া পতির সংক্ষিপ্ত পরিচিতিটি এখানে উদ্ধৃত হলো :**

'জয়া পতি ১৯৩২ সালে ১২ সেপ্টেম্বর টাঙ্গাইল জেলার মির্জাপুরে জন্মগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জয়া পতিকে তাঁর ডাকনাম 'ছানা' বলে ডাকতেন'।

'জয়া পতি একজন অত্যন্ত সফল মেধাবী শিক্ষক, শিক্ষা প্রশাসক, পরিচালক ও উদ্যোক্ত হিসাবে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা ওরফে আর পি সাহা মহোদয়ের সার্থক যোগ্য উত্তরসূরি ছিলেন'।

'জয়া পতি ১৯৫০ এর দশকে যুক্তরাজ্য হতে উচ্চশিক্ষা গ্রহণ করেন। ১৯৭১ সালে ৭ মে মহান মুক্তিযুদ্ধের সময় তাঁর পিতা দানবীর রণদা প্রসাদ সাহা ও ভাই ভবানী প্রসাদ সাহা পাকিস্তান বাহিনী ও রাজাকার দ্বারা অপহৃত ও নিখোঁজ হন। রণদা প্রসাদ সাহার অনুপস্থিতিতে তাঁর স্বপ্নের প্রতিষ্ঠান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট, কুমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোম্স এবং টাঙ্গাইল কুমুদিনী মহিলা কলেজের ছাত্রী ও অন্যান্য কর্মীর জীবন সংকটাপন্ন ও অভিভাবকহীন হয়ে পড়লে জয়া পতি দক্ষতার সাথে এসব প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন। তিনি বিশেষ করে ভারতেশ্বরী হোম্স ও টাঙ্গাইল কুমুদিনী মহিলা কলেজের মাধ্যমে নারীশিক্ষার বিস্তার ও উন্নয়নে অনন্য নজির স্থাপন করেন। মুক্তিযুদ্ধ চলাকালে তাঁর ব্যবস্থাপনায় যুদ্ধাহত



*Distinguished ladies who received the award (clock-wise) : Professor Mamtaz Begum (posthumous), Mrs Joya Pati (posthumous), Nurunnahar Begum, Nadeem Jahan (Surma Zahid) and Prinicipal Jobeda Khatun Parul.*

freedom fighter Principal Jobeda Khatun Parul in the field of 'Politics' and Nadeem Jahan (Surma Zahid) in the field of 'Research'.

On behalf of Prime Minister Sheikh Hasina, the posthumous medal was handed over by State Minister Fazilatun Nesa Indira to Mrs Joya Pati's son Mr Mahavir Pati. Professor Mamtaz Begum's posthumous medal was accepted by her daughter Advocate Farhana Reza. The other three medals were accepted by the individuals themselves. The honorarium included a replica of 18 carat gold medal weighing 40 grams, a check for Taka 4 lakh, a sash (Uttoriya) and a letter of compliment.

Secretary of the Ministry of Women and Children Affairs Md Saidul Islam was in charge of conducting the entire programme. He gave a welcome address and read out a brief introduction of the eminent women who were awarded the medals one by one with the permission of the Prime Minister.

**Here is a brief introduction of Mrs Joya Pati which he read out:**

'Joya Pati was born on 12 September 1932 in Mirzapur, Tangail district. Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman used to call Joya Pati by her nickname 'Chhana'.'

'Joya Pati was a very successful talented teacher, education administrator, director and entrepreneur, a worthy successor of Ranada Prasad Shaha alias R P Shaha, the founder of Kumudini Welfare Trust.'

'Joya Pati received her higher education from the United Kingdom in the 1950s. During the great war of liberation in 1971, her father Ranada Prasad Shaha and brother Bhabani Prasad Shaha were abducted on 7 May by Pakistani forces and Razakars, traitors. In the absence of Ranada Prasad Shaha, Joya Pati took over the management of her father's dream institutions Kumudini Welfare Trust, Kumudini Hospital, Bharateswari Homes and Tangail Kumudini Women's College. She set a unique example in the spread and development of women's education, especially through Bharateswari Homes and Tangail Kumudini Women's College. Kumudini Hospital played an important role in providing medical services to the

মুক্তিযোদ্ধাদের চিকিৎসাসেবা প্রদানে কুমুদিনী হাসপাতাল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে'।

'তিনি ১৯৭৩ সালে কুমুদিনী হাসপাতালে সম্পূর্ণ বিনা খরচে নার্সিং প্রশিক্ষণের লক্ষ্যে স্কুল-অব-নার্সিং প্রতিষ্ঠা করেন। যা সারা দেশে অত্যন্ত জনপ্রিয় ও উন্নতমানের নার্সিং শিক্ষার জন্য সুপরিচিত। প্রচলিত শিক্ষা থেকে ঝরে পড়া ছেলেমেয়েদের আত্ম-কর্মসংস্থানে সক্ষম করে গড়ে তুলতে তিনি ১৯৮৪ সালে নারায়ণগঞ্জে প্রতিষ্ঠা করেন কুমুদিনী ট্রেড ট্রেনিং স্কুল। এই প্রতিষ্ঠানে সম্পূর্ণ বিনা খরচে শিক্ষার্থীদের বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ দেয়া হয়। শিক্ষাক্ষেত্রে তাঁর অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ সরকার জয়া পতিকে মরণোত্তর **বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১** এ ভূষিত করেছে'।

নির্দিষ্ট সংখ্যক দর্শকের উপস্থিতিতে রাজধানীর ওসমানি মিলনায়তনে অনুষ্ঠিত উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কুমুদিনীর পক্ষ থেকে মিসেস জয়া পতির পুত্র মহাবীর পতি ছাড়াও উপস্থিত ছিলেন তাঁর ভাইয়ের ছেলে রাজীব প্রসাদ সাহা ও মি. সাহার কিশোরী কন্যা ঋদ্ধি সাহা। এদিকে মিসেস পতির এই পদক প্রাপ্তিতে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের আবাসিকদের মাঝে আনন্দের বন্যা বয়ে যায়। ঐ দিন সন্ধ্যায় ঢাকা থেকে মির্জাপুরে পদক নিয়ে পৌঁছালে কুমুদিনী নার্সিং কলেজের একদল ছাত্রী তাদের সাদর অভ্যর্থনা জানায়। এই সময় উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের তিন পরিচালক ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা। আরও উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক, মেট্রোন ও কর্মীবৃন্দ; কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দ এবং ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দ। পরে মিসেস জয়া পতির পদক প্রাপ্তির আনন্দ অনুষ্ঠানটি কেক কেটে উদ্‌যাপন করা হয়।

### পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রদত্ত প্রধানমন্ত্রীর ভাষণের অংশ বিশেষ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানের প্রধান অতিথির ভাষণে বলেন, 'বঙ্গবন্ধু তাঁর জীবন দেশের মানুষের জন্য উৎসর্গ করেছেন। তাঁকে পাশে থেকে সহযোগিতা করেছেন আমার মা ফজিলাতুন নেছা মুজিব। সংকটে-সংগ্রামে বঙ্গবন্ধুর নির্ভীক সহযাত্রী ছিলেন তিনি'।

তিনি বলেন, 'আমার বাবার কাছে মায়ের কোনো কিছুর চাহিদা ছিল না। তিনি সবসময় আমার বাবাকে বলতেন, তুমি দেশের চিন্তা করো। তিনি বিশ্বাস করতেন, প্রতিটি মেয়ের শিক্ষাগ্রহণ করা উচিত এবং তাদের আর্থিক সচ্ছলতা দরকার'।

প্রধানমন্ত্রী বলেন, 'আমার মা মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত নারী ও বীরাঙ্গনাদের পুনর্বাসনে নিজের গহনাগাটি সর্বস্ব বিলিয়ে দিয়েছিলেন'।

১৫ আগস্টের হত্যাকাণ্ডের স্মৃতিচারণ করে প্রধানমন্ত্রী কান্নাজড়িত কণ্ঠে বলেন, 'সিঁড়িতে পড়ে থাকা জাতির পিতার মৃতদেহ দেখে আমার মা বলেছিলেন, তোমরা ওনাকে মেরেছো, আমাকেও মেরে ফেল। এমনই সাহসিকতার সাথে তিনি মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে জীবন ভিক্ষা না নিয়ে মৃত্যুকে আলিঙ্গন করেছিলেন'। ●

war wounded freedom fighters under her management during the war of liberation.'

'She established the School of Nursing at Kumudini Hospital in 1973 with the aim of providing free nursing training which is very popular all over the country and well known for its quality nursing education. She established Kumudini Trade Training School in Narayanganj in 1984 to enable self-employment of children who had dropped out of conventional education. The institute imparts various technical trainings to the students completely free of cost. In recognition of her unique contribution in the field of education, the government has posthumously awarded Joya Pati the **Bangamata Begum Fazilatun Nesa Mujib Padak-2021'.**

A certain number of spectators were present at the award ceremony held at the Osmani Auditorium in the capital. On behalf of Kumudini Mrs Joya Pati's son Mr Mahavir Pati received the award and her nephew Mr Rajiv Prasad Shaha and Mr Shaha's daughter Riddhi Shaha were also present at the ceremony. Meanwhile, the residents of Mirzapur Kumudini Complex were overjoyed on receipt this padak (medal) by Mrs Pati. When they reached Mirzapur from Dhaka that evening with the medal, a group of students of Kumudini Nursing College gave them a warm reception. The three Directors, Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha of Kumudini Welfare Trust were present on the occasion. Also present were the matrons and staff of Kumudini Hospital; Principal and teachers of Kumudini Women's Medical College, Principal and teachers of Kumudini Nursing College and Principal and teachers of Bharateshwari Homes. Later, the joyous occasion of receiving Joya Pati's medal was celebrated by cutting a cake.

### Part of the Prime Minister's speech delivered at the award ceremony

Addressing the function as the chief guest, Prime Minister Sheikh Hasina said, 'Bangabandhu has dedicated his life for the people of the country. He was assisted by my mother Fazilatun Nesa Mujib. She was Bangabandhu's fearless companion in crisis and struggle'. 'My mother did not need anything from my father', she said. She always told my father, 'You care for the country. She believed that every girl should be educated and financially secured'.

The Prime Minister said, 'My mother gave all her jewellery to rehabilitate the women and heroines affected by the liberation war'. Recalling August 15 killings, the Prime Minister said in a tearful voice, 'When my mother saw the body of the Father of the Nation lying on the steps, she cried out saying, you killed him, kill me too. With such courage, she faced death and embraced death without begging for life'. ●




*Mrs Joya Pati, her gold medal and letter of compliment.*




*Bangamata Begum Fazilatun Nesa Mujib Padak-2021 recipients and their representatives at Osmani Memorial Auditorium, Dhaka.*



*Celebration at Mirzapur Kumudini Complex for the highest state honour for women conferred to Mrs Joya Pati.*

# জাতির জনকের ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস স্মরণে কুমুদিনীর শ্রদ্ধার্ঘ্য

১৫ আগস্ট ছিল সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অঙ্গ প্রতিষ্ঠানগুলো অফলাইন ও অনলাইন উভয় মাধ্যমে দিবসটি পালন করে। এ উপলক্ষে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করে কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী নার্সিং কলেজ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, ভারতেশ্বরী হোম্‌স, ও আর পি সাহা বিশ্ববিদ্যালয়।

**কুমুদিনী হাসপাতাল ও কুমুদিনী নার্সিং কলেজ**


দিবসের কর্মসূচির মধ্যে ছিল কুমুদিনী হাসপাতালের প্রধান ফটকে জাতীয় পতাকার অর্ধনমিত উত্তোলন, কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীদের জাতীয় সঙ্গীত ও দেশাত্মবোধক গান পরিবেশন এবং কুমুদিনী হাসপাতালের ব্যবস্থাপনায় রক্তদান কর্মসূচি পালন।

**কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ**

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় অনুষ্ঠানের প্রধান অতিথি সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অ্যাডভোকেট সুলতানা কামাল এবং বিশেষ অতিথি কলেজের চেয়ারম্যান ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা উভয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন। অনুষ্ঠানে স্ব-স্ব অবস্থান থেকে আরও যুক্ত হয়েছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের তিন পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা। অ্যাডভোকেট সুলতানা কামাল তাঁর বক্তব্যে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, মানুষের প্রতি ভালোবাসা ও বিশ্বাস বঙ্গবন্ধুর সপরিবারে নিহত হওয়ার অন্যতম কারণ। রাজীব প্রসাদ সাহা তাঁর বক্তব্যে উল্লেখ করেন, জাতির পিতা চেয়েছিলেন ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত একটি সোনার দেশ গড়তে কিন্তু ষড়যন্ত্রকারী শক্তি মর্মান্তিক হত্যাকাণ্ড ঘটিয়ে তাঁকে সেই সুযোগ দেয়নি। কিন্তু তাঁর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পিতার আদর্শের সোনার বাংলা গড়ার দুরূহ কাজটি সম্পাদন করে যাচ্ছেন। অনুষ্ঠানের সভাপতি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিম বলেন, জাতির পিতার সোনার বাংলা গড়তে আমরা বদ্ধপরিকর।

**ভারতেশ্বরী হোম্‌স**

এদিকে সকালে ভারতেশ্বরী হোম্‌স প্রাঙ্গণে স্থাপিত শহিদ মিনার চত্বরে অধ্যক্ষা ত্রয়ী বড়ুয়া জাতীয় পতাকার অর্ধনমিত উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা করেন। বিকেলে শিক্ষক মিলনায়তনে অধ্যক্ষার সভাপতিত্বে আলোচনা ও ছাত্রীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিশেষ অতিথি হিসাবে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত ছিলেন সাবেক তত্ত্বধায়ক




*Martyrs of 15th August : Father of the Nation Bangabundhu Sheikh Mujibur Rahaman and his family members.*

# Kumudini Pays Tribute to the memory of 46th Martyrdom Anniversary of the Father of the Nation And National Mourning Day

August 15 was the 46th martyrdom anniversary of Bangabandhu Sheikh Mujibur Rahman, the father of the Bengali nation and the greatest Bengali of all time and National Mourning Day. Sister organizations of Kumudini Welfare Trust observed the day both offline and online. On this occasion, a day-long programme was organized by Kumudini Hospital, Kumudini Nursing College, Kumudini Women's Medical College, Bharateswari Homes, and Ranada Prasad Shaha University.

**Kumudini Hospital and Kumudini Nursing College**

The programme of the day included hoisting the national flag at the main gate of Kumudini Hospital at half-mast, performance of national anthem and patriotic songs by the students of Kumudini Nursing College and blood donation programme under the management of Kumudini Hospital.

**Kumudini Women's Medical College (KWMC)**

Advocate Sultana Kamal a former advisor of the caretaker government was the Chief Guest and Chairman KWMC & MD of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha was the Special Guest at the discussion held at Kumudini Women's Medical College. Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha, the three Directors of Kumudini Welfare Trust were also present on the occasion from their respective locations. In her speech, Advocate Sultana Kamal paid homage to the Father of the Nation and said that love and faith towards the people was one of the reasons for the death of Bangabandhu and his family. Mr Rajiv Prasad Shaha in his speech mentioned that the father of the nation wanted to build a golden country free from hunger and poverty but the conspiratorial power did not give him that opportunity by causing tragic murder. But his daughter, Prime Minister Sheikh Hasina, is carrying out the difficult task of building a golden Bengal in line with her father's ideology. Principal of KWMC Prof. Dr M A Halim said, 'We are determined to build the golden Bengal of the father of the nation.'

সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা। আলোচনাকালে ছাত্রীদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, বঙ্গবন্ধুর চেতনা আমাদের চলার পথের প্রেরণা। তাঁর আদর্শকে ধারণ করার মধ্য দিয়ে তোমরা গড়ে উঠবে। এছাড়া অনুষ্ঠানের বিশেষ অতিথিগণও আলোচনায় অংশ নেন।



*Kumudini Welfare Trust arranged online discussion programme on the occasion.*

**আর পি সাহা বিশ্ববিদ্যালয়**

জাতীয় শোক দিবসে আর পি সাহা বিশ্ববিদ্যালয় ভার্চুয়াল পদ্ধতিতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের আইন ও মানবিক বিভাগের প্রভাষক নীলাদ্রী পাইক। সভায় বক্তারা বঙ্গবন্ধুর দর্শন, রাজনৈতিক জীবন, দেশপ্রেম ও আত্মত্যাগ সম্পর্কে আয়োজন করেন। উক্ত আলোচনা সভায় মুখ্য আলোচক ছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান প্রফেসর ড. মিজানুর রহমান। বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক মহাবীর পতি। শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন আইন ও মানবাধিকার বিভাগের ছাত্র জুনায়েদ আহমেদ ও ব্যবসায় প্রশাসন বিভাগের ছাত্রী জান্নাতাজ কনকা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সিএসই বিভাগের প্রভাষক আসাদুজ্জামান ও ব্যবসায় প্রশাসন বিভাগের প্রভাষক এস এম আকবর। ●

**Bharateswari Homes**

Meanwhile, in the morning, the day started with the hoisting of the national flag at half-mast by the Principal Ms Trio Barua at the premises of Shahid Minar of Bharateswari Homes. In the afternoon, discussions and cultural programmes were organized by the Principal in the teachers' auditorium. Former caretaker government adviser Mrs Rasheda K Chowdhury was also participated as a special guest through video conference. Special guests were Directors of Kumudini Welfare Trust, Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha. Addressing the students during the discussion, the chief guest said, 'Bangabandhu's consciousness is the inspiration for our path. You will be formed by following his example'. Besides, special guests of the event also took part in the discussion.

**R P Shaha University**

On the National Mourning Day, Ranada Prasad Shaha University organized a discussion programme in a virtual manner. Vice-Chancellor Prof Dr Monindra Kumar Roy presided over. Mr Niladri Pike, Lecturer, Department of Law and Humanities, gave a welcome address on the occasion. Speakers at the meeting spoke about Bangabandhu's philosophy, political life, patriotism and self-sacrifice. The main speaker at the meeting was the former Chairman of the National Human Rights Commission, Professor Dr Mizanur Rahman. Chairman of the Board of Trustees of the University Mr Rajiv Prasad Shaha and one of the Directors of Kumudini Welfare Trust Mr Mahavir Pati also spoke. Mr Junaid Ahmed, a student of Law and Human Rights Department and Ms Jannataj Konka, a student of Business Administration Department spoke on behalf of the students. Lecturer of CSE Department Mr Asaduzzaman and Lecturer of Business Administration Department Mr SM Akbar were present on the occasion. ●




*Paying respects by the residents of Kumudini Complex, Mirzapur, Tangail.*



*Performing National Anthem and patriotic songs by the students of Kumudini Nursing College.*

# আর পি সাহা ও ভবানী প্রসাদ সাহার অপহরণ দিবস
# প্রতি বছর ফিরে আসে অশ্রুসজল ৭ই মে



*Shaheed Ranada Prasad Shaha and his son Shaheed Bhabani Prasad Shaha.*

১৯৭১ সালের ৭ই মে এই দিনে পাকিস্তান বাহিনী ও স্বাধীনতা বিরোধী সাম্প্রদায়িক দুর্বৃত্তরা মির্জাপুরের শতাধিক নিরীহ গ্রামবাসীকে হত্যা করার পর সেদিনই রাতের আঁধারে অসহায় মানুষের প্রাণের মানুষ দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহাকে তাঁদের নারায়ণগঞ্জের কর্মস্থল থেকে অপহরণ করে নিয়ে হত্যা করে। এই শোকাবহ দিনটি স্মরণে কুমুদিনী পরিবার ৭ই মে চলমান মহামারির কারণে অনলাইনে এক সংক্ষিপ্ত শোক সভায় আয়োজন করে।

মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের ‘আনন্দ নিকেতন’ এ আয়োজিত এই শোকসভায় শহিদদের আত্মার শান্তি কামনায় চার পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়। পরে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা প্রার্থনা সঙ্গীত পরিবেশন করে। শোকসভায় স্মৃতিচারণ করেন শহিদ আর পি সাহার পৌত্র রাজীব প্রসাদ সাহা ও ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দি।

দিবসটিকে স্মরণ করে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও কুমুদিনী হাসপাতাল রক্তদান কর্মসূচির আয়োজন করে।

সকাল সাড়ে দশটায় আয়োজন করা হয় ভার্চুয়াল সমাবেশের। এতে প্রধান অতিথি হিসাবে যুক্ত হয়েছিলেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক। তিনি তাঁর বক্তব্যে শহিদ রণদা প্রসাদ সাহা ও শহিদ ভবানী প্রসাদ সাহার হত্যার বিচার সম্পর্কিত নানা তথ্য তুলে ধরেন। উল্লেখ্য, ২০১৯ সালের ২৭ জুন এই শহিদদের অপহরণ ও হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত থাকার অপরাধে আন্তর্জাতিক ট্রাইব্যুনাল আদালত-১ মির্জাপুরের ঘাতক রাজাকার মাহবুবুর রহমানের বিরুদ্ধে মৃত্যুদণ্ডাদেশ প্রদান করেন। পরে কারাগারে বন্দী থাকা অবস্থায় এই অপরাধী মারা যায়।

অনুষ্ঠানে অংশ নিয়ে আর যারা বক্তব্য রাখেন তাদের মধ্যে ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও মহাবীর পতি, আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা আবু আলম, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও ভারতেশ্বরী হোম্‌সের অধ্যক্ষদ্বয়।
অনুষ্ঠানে আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীও আলোচনা এবং আবৃত্তিতে অংশ নেয়। ●

# Abduction of R P Shaha and Bhabani Prasad Shaha
# 7th May a Tearful Mourning Day

On this day, 7 May 1971 after the killing of hundreds of innocent villagers of Mirzapur by the Pakistani forces and anti-liberation communal miscreants, Philanthropist Ranada Prasad Shaha and his son Bhabani Prasad Shaha were abducted from their Narayanganj workplace in the dark of night. To commemorate this sad day, the Kumudini family held a short mourning meeting online due to the ongoing epidemic.



*Virtual mourning meeting. Participants among others (clock-wise) : Mr Mofidul Haque, Ms Hena Sultana, Ms Protiva Mutsuddy, Prof Dr Monindra Kumar Roy, Prof Dr M A Halim, Mr Rajiv Prasad Shaha and Mr Mahabir Pati.*

A mourning programme was organized at Ananda Niketan of Kumudini Complex in Mirzapur where excerpts from holy scriptures were read out for the peace of souls of the martyrs. Later, students of Kumudini Nursing School and College performed devotional music. Mr Rajiv Prasad Shaha, grandson of martyr R P Shaha and son of martyr Bhabani Prasad Shaha and Ms Protiva Mutsuddy, a language soldier, paid their last respects at the rally organized on the occasion.

Commemorating the day, Kumudini Women's Medical College and Kumudini Hospital organized a blood donation drive.

A virtual assembly was organized at 10.30 am. Trustee of the Liberation War Museum Mofidul Haque was the chief guest. In his speech, he gave various information about the murder trial of Shaheed Ranada Prasad Shaha and Shaheed Bhabani Prasad Shaha. It may be mentioned that on 27 June 2019, the International Tribunal Court-1 issued a death sentence against the murderer Razakar Mahbubur Rahman of Mirzapur for his involvement in the abduction and murder of the martyrs. The convict later died while in custody.

Among those who spoke at the event were Directors of Kumudini Welfare Trust Mrs Srimati Shaha and Mr Mahavir Pati, Advisor to R P Shaha University Mr Abu Alam, Principal of Kumudini Women's Medical College and Bharateswari Homes. Two students of Ranada Prasad Shaha University also took part in the discussion and recitation. ●






*From L-R : Prayer Meeting. Observing prayer in silence for the eternal peace of the martyrs' departed souls: Shaheed R P Shaha and his son Shaheed Bhabani Prasad Shaha.*

# কুমুদিনী হাসপাতালে বিনামূল্যে করোনা রোগীদের চিকিৎসাসেবা

করোনা আক্রান্ত রোগীদের বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়ে যাচ্ছে দানবীর রণদা প্রসাদ সাহা প্রতিষ্ঠিত মির্জাপুরের কুমুদিনী হাসপাতাল। এ উদ্দেশ্যে হাসপাতাল কর্তৃপক্ষ চালু করেছে একটি করোনা ইউনিট। অক্সিজেন সরবরাহসহ করোনা রোগীদের চিকিৎসা ব্যয় হাসপাতাল কর্তৃপক্ষই বহন করে থাকে। হাসপাতালের ডাক্তার-সিস্টারগণ দিনরাত পরিশ্রম করে কোভিড আক্রান্তদের সেবা দিয়ে যাচ্ছেন। কেবলমাত্র করোনা রোগীদের চিকিৎসাসেবা দানে সর্বক্ষণ নিয়োজিত থাকেন ৪৮ জন নার্স এবং ৬ জন সিনিয়র ও জুনিয়র ডাক্তার।

ওষুধপত্র, অক্সিজেন, খাবার-দাবারসহ আনুষঙ্গিক সুযোগ-সুবিধার ব্যবস্থা থাকায় টাঙ্গাইল ছাড়াও গাজীপুর, ঢাকা, দিনাজপুর, রংপুর, মেহেরপুর এবং অন্যান্য দূর-দূরান্ত থেকে করোনা আক্রান্ত রোগীরা এখানে নিয়মিত চিকিৎসা নিতে আসেন। চিকিৎসা নিতে আসা করোনা রোগীরা হাসপাতালে চিকিৎসাসেবা পেয়ে সন্তুষ্ট।

হাসপাতালের OPD বা আউট পেশেন্ট ডিপার্টমেন্টে যেসব রোগী সর্দি-কাশি-জ্বর এর মতো করোনা উপসর্গ নিয়ে আসেন তাদেরকে আলাদা স্ক্রিনিংয়ের মাধ্যমে ডাক্তারগণ পরামর্শ দিয়ে থাকেন এবং হোম কোয়ারাইনটেনে থাকতে উৎসাহিত করেন।

উল্লেখ্য, বর্তমানে কুমুদিনী হাসপাতালে আইসোলেশন ওয়ার্ড, কোভিড পজিটিভ ওয়ার্ড এবং কোভিড ICU সহ ৬০ এর অধিক শয্যার ব্যবস্থা রয়েছে। ICU–তে স্বল্প খরচে 'হাই ফ্লো' অক্সিজেন থেরাপিসহ অন্যান্য সুবিধা রয়েছে। হাসপাতালের পরিচালক ডা. পি কে রায় জানান, করোনা আক্রান্ত সংকটাপন্ন রোগীরা হাই ফ্লো অক্সিজেনসহ অতি অল্প খরচে ICU–তে চিকিৎসা পাচ্ছেন। উল্লেখ্য, সহজে অক্সিজেন পেতে হাসপাতাল ক্যাম্পাসে ৬০০০ লিটার ক্ষমতা সম্পন্ন অত্যাধুনিক লিকুইড অক্সিজেন প্ল্যান্ট স্থাপনের কাজ চলছে।

গত জুলাই ও আগস্ট এই দুই মাসে ৬০০ এর অধিক রোগী কুমুদিনী হাসপাতালে আইসোলেনশন ও কোভিড ওয়ার্ডে ভর্তি থেকে চিকিৎসা নিয়েছেন এবং বহির্বিভাগে ২০০০ হাজারের অধিক রোগী চিকিৎসকের পরামর্শ গ্রহণ করেছেন। চলমান করোনা মহামারি পরিস্থিতিতে সুবিধা বঞ্চিত রোগীরা এই হাসপাতাল থেকে নিখরচায় করোনা চিকিৎসাসেবা গ্রহণ করে সুস্থ হয়ে বাড়ি ফিরে যাচ্ছেন।

# Kumudini Hospital: Free Medical Care for Corona Patients

Kumudini Hospital in Mirzapur, established by philanthropist Ranada Prasad Shaha has opened a Corona Unit and the hospital authorities are providing free medical services to patients suffering from Corona. The Corona patients' medical expenses, including oxygen supply, are borne by the hospital authorities. The doctors and sisters of the hospital are working extended hours to provide services to the people suffering from Covid. There are 48 nurses and 6 senior and junior doctors who are engaged in providing medical services to Corona patient only.



*Corona patients undergoing treatment at Covid-19 Ward of Kumudini Hospital.*

Apart from Tangail, patients suffering from Corona come here regularly from Gazipur, Dhaka, Dinajpur, Rangpur, Meherpur and other far-flung places for treatment due to the availability of medicines, oxygen, food and other facilities. Corona patients who come for treatment are happy to get medical treatment in the hospital.

Patients with Corona symptoms such as colds, coughs and fevers in the hospital's out patient department are advised by doctors through separate screening and encouraged to stay in home quarantine.

At present, Kumudini Hospital has more than 60 beds including Isolation Ward, Covid Positive Ward and has other benefits, including low-cost for 'high flow' oxygen therapy. According to the Hospital Director Dr P K Roy, critically ill patients with Corona are receiving treatment at the ICU at a very low cost. It is worthy of note that the hospital is going to set up a state-of-the-art liquid oxygen plant with a capacity of 6000 liters within the hospital campus.

In the last two months of July and August, more than 600 patients have been admitted to Kumudini Hospital in Isolation and Covid Wards and more than 2000 outpatients have been consulted by doctors. In the ongoing Corona epidemic situation, the unprivileged patients are returning home after receiving free Corona medical treatment from this hospital.


*Patients with symptoms of Corona at Isolation Unit of the hospital.*

কুমুদিনী হাসপাতালের সহযোগিতায় রোগীরা সরকার নির্ধারিত ১০০ টাকা খরচে PCR টেস্ট করাতে পারেন। নিজস্ব টেকনোলজিস্ট দ্বারা নমুনা সংগ্রহ করে হাসপাতাল কর্তৃপক্ষ নিজ ব্যবস্থায় সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তা পরীক্ষার জন্য পাঠিয়ে থাকেন। এতে করে জনগণকে কোভিড টেস্টের সুবিধা পেতে কোনো প্রকার হয়রানির শিকার হতে হয় না।

হাসপাতালের মেট্রোন সিস্টার দীপালি পেরেরা জানিয়েছেন, করোনা রোগীদের সেবা দিতে গিয়ে হাসপাতালের অনেক সেবিকা, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী করোনায় আক্রান্ত হয়েছেন। কিন্তু তা সত্ত্বেও তারা মনোবল হারাননি এবং এই হাসপাতালের রোগীদের সেবাদানে কোনো প্রকার ছেদ পড়েনি। ●

With the help of Kumudini Hospital, each patient can get a PCR test at a cost of Tk 100 fixed by the government. The hospital authorities collect the samples through their own technologists and send them to the concerned Upazila Health Complex for testing. This facility enables people trouble free Covid test.

Sister Dipali Perera, the hospital's matron said, many nurses, doctors and health workers at the hospital were infected with Corona while serving patients but despite of this, they did not lose their efficiency and ability to care for the patients. ●

## Extended Part Of Kumudini Hospital




*Observation Ward for patients who need immediate attention.*



*Out Patient Department (OPD).*




*OPD Ticket Counter.*

### Kumudini Nursing College



*Students of Kumudini Nursing College attending Midwifery class.*

# নারায়ণগঞ্জে কুমুদিনী ও স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের উদ্যোগে অসহায়দের মাঝে ত্রাণ বিতরণ

# Distribution of Relief Among the Needy in Narayanganj Jointly by Kumudini and Standard Chartered Bank




*Covid-19 relief distribution programme in Narayanganj: A joint venture of Kumudini and Standard Chartered Bank.*

করোনার দ্বিতীয় ঢেউয়ের তাণ্ডবে বিশ্বের অন্যান্য দেশের মতো আমাদের দেশের মানুষও দিশেহারা। কোভিড-১৯ মহামারি রূপে সমগ্র বিশ্বকে গ্রাস করে চলেছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। ফলে মানুষের জীবন ভয়ানকভাবে বিপর্যস্ত। সংক্রমণ বাড়ার সঙ্গে তাল মিলিয়ে বাড়ছে মৃত্যু। লক ডাউন, চলাচলে কড়াকড়ি, স্বাস্থ্যবিধি মেনে চলার সরকারি কঠোর নির্দেশ সত্ত্বেও করোনার বিস্তার রোধ করা কঠিন হয়ে পড়ছে। এমন পরিস্থিতিতে মানুষের জীবন ও জীবিকা হুমকির মুখে পড়েছে। বাড়ছে বেকার ও দুঃস্থ মানুষের সংখ্যা। মানুষের এই অসহায়ত্ব লাঘবের উদ্দেশ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট তার অতীত ঐতিহ্য ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে দুঃস্থ ও দরিদ্র মানুষের সেবায় সম্পৃক্ত হয়েছে। বিপন্ন মানুষের মাঝে ত্রাণ বিতরণে এগিয়ে এসেছে। এই কাজে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের সহযোগী হয়েছে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক।

গত জুলাই ও আগস্ট মাসে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের যৌথ উদ্যোগে কয়েক দিন ব্যাপী নারায়ণগঞ্জ পৌর এলাকার দুটি ওয়ার্ডসহ পাঁচটি ইউনিয়ন পরিষদ এলাকায় ৫ হাজার অসহায় ও দরিদ্র পরিবারকে ত্রাণ সামগ্রী বিতরণ করে। এসব ত্রাণ সামগ্রীর মধ্যে প্রত্যেকের জন্য ছিল প্যাকেট ভর্তি ১০ কেজি চাউল, ৫ কেজি লবণ, ১ কেজি চিনি, গায়ে মাখা ও কাপড় ধোয়ার সাবান। প্রয়োজনে এই প্রয়াস অব্যাহত থাকবে।

The people of the country lost their way in the second wave of Corona. The Covid-19 epidemic is engulfing the entire world. Bangladesh is no exception. As a result, human life is terribly disrupted because of this. Deaths are on the rise as infections increase. Despite lockdowns, restrictions on movement, and strict government regulations on hygiene, it is becoming increasingly difficult to reverse the spread of Corona. Such a situation threatens the lives and livelihoods of the people. The number of unemployed and destitute people is increasing. In order to alleviate this helplessness of the people, Kumudini Welfare Trust has been involved in the service of the poor and needy. Standard Chartered Bank has joined Kumudini Welfare Trust in this act of kindness.

In July and August, Kumudini Welfare Trust and Standard Chartered Bank jointly distributed relief items to 5,000 helpless and poor families in five Union Parishad areas, including two wards in Narayanganj Municipal area. For each of these the relief items included, a packet of 10 kg of rice, 5 kg of salt, 1 kg of sugar, body and laundry soaps. This effort may continue.

উল্লেখ্য, গত বছরও কুমুদিনী কোভিড-১৯ মহামারি ও বন্যা পরিস্থিতিতে ৫ হাজার অসহায় মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করে মির্জাপুর পৌর এলাকার নয়টি ওয়ার্ড এবং এই উপজেলার ১৩টি ইউনিয়নে। এটিও ছিল একটি যৌথ উদ্যোগ। কুমুদিনীর সহযোগী হয়েছিল স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ও সিটি গ্রুপ। এই ত্রাণ সামগ্রীর মধ্যে ছিল খাদ্যসামগ্রী ও প্রয়োজনীয় ওষুধ পত্রাদি।

মানবকল্যাণমূলক প্রতিষ্ঠান কুমুদিনীর ইতিহাস দীর্ঘ। গত শতাব্দীর ৩০এর দশক থেকে দানবীর রণদা প্রসাদ সাহা প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠানটি স্বাস্থ্যসেবা, শিক্ষা ও নারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এসব কাজের জন্য কুমুদিনীর রয়েছে বিভিন্ন অঙ্গ প্রতিষ্ঠান। বাংলায় পঞ্চাশ (১৯৪৩) এর মন্বন্তর দেখেছেন এমন মানুষ এখনও কেউ কেউ বেঁচে আছেন। তারা অবগত আছেন বাংলার মানুষের সেই দুর্বিষহ দিনগুলোর কথা। ক্ষুধা নিবারণের জন্য এতটুকু ভাতের ফেনের জন্য দুয়ারে দুয়ারে পরিলক্ষিত হতো অসহায় মানুষের ছুটাছুটি আর ক্রন্দন। সেই দুর্ভিক্ষের দিনগুলোতে রায় বাহাদুর রণদা প্রসাদ সাহা সম্পূর্ণ একক উদ্যোগে মাসের পর মাস হাজার হাজার নিরন্ন মানুষকে আহারের সংস্থান করেছিলেন। এই উদ্দেশ্যে দেশের বিভিন্ন স্থানে স্থাপিত হয়েছিল ৩শ'র অধিক লঙ্গরখানা। কুমুদিনী মাসের পর মাস এসব লঙ্গরখানা পরিচালনা করেছিল।

রণদা প্রসাদ সাহার প্রতিষ্ঠান কুমুদিনীর যাত্রা শুরু হয় ১৯৩৩ সালে। এই দীর্ঘ ৮৭ বছরের অধিককাল যাবত কুমুদিনী মহামারি কিংবা দুর্ভিক্ষে নিঃস্বার্থভাবে স্বাস্থ্যসেবা, খাদ্যসামগ্রী, বস্ত্র ইত্যাদি প্রয়োজনীয় সামগ্রী অসহায় মানুষের হাতে তুলে দিয়ে মানবিক কাজে অব্যাহতভাবে নিয়োজিত রয়েছে।

সম্প্রতি নারায়ণগঞ্জে এই দুর্যোগে কয়েক হাজার অসহায় পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণের কর্মসূচিটি নিঃসন্দেহে কুমুদিনীর জনহিতকর কাজের ঐতিহ্যকে বহন করে। ●



*Each gets a packet of 10 kg of rice, 5 kg of salt, 1 kg of sugar, body and laundry soaps as relief.*

It may be mentioned that last year also Kumudini distributed relief materials among 5,000 helpless people during the Covid-19 pandemic and floods. The distribution was among the nine wards of Mirzapur Municipal area and 13 Unions of this Upazila. It was also a joint venture between the Standard Chartered Bank and City group. The relief supplies included food and essential medicines.




*People are at queue maintaining physical distances for relief at Ranada Prasad Shaha University premises at Shitalakhya.*

Kumudini, a humanitarian organization, has a long history of standing by the needy in times of crisis. The organization has been playing an important role in healthcare, education and women's empowerment. Kumudini has various institutions working in these sectors. Some of the people who saw the Bengal famine of 1943 still recall the miserable days during that time. In those days of famine Rai Bahadur Ranada Prasad Shaha provided food to thousands of destitute people for month after month on his own initiatives. For this purpose, more than 300 gruel kitchens were set up in different parts of the country. Kumudini operated these gruel kitchen for months on end.

Ranada Prasad Shaha's organization Kumudini started its journey in 1933. For more than 87 long years, Kumudini has been selflessly engaged in humanitarian work by handing over essential items like food items, clothes etc to the helpless people in the event of an epidemic or famine.

Kumudini's tradition of philanthropic work of distributing relief materials among thousands of helpless families in this disaster in Narayanganj is a continuation of its legacy of service to humanity. ●

# কুমুদিনী ট্রাস্টের ‘সুফিয়া কামাল সম্মাননা-২০২১’ লাভ

বাংলাদেশ মহিলা পরিষদের উদ্যোগে গত ২০ জুন কবি বেগম সুফিয়া কামালের ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টকে **‘সুফিয়া কামাল সম্মাননা-২০২১’** প্রদান করা হয়। একই অনুষ্ঠানে আগের বছরের মরণোত্তর সম্মাননাটি প্রদান করা হয় সাংবাদিক, শিক্ষক, রাজনীতিবিদ ও আন্দোলনকর্মী নূরজাহান মুরশিদকে।

করোনা পরিস্থিতির কারণে অনুষ্ঠানটি অনলাইনে অনুষ্ঠিত হয়। ঘোষিত সম্মাননা ও ক্রেস্ট প্রাপকদের সরাসরি প্রদান করা সম্ভব হয়নি বলে পরে তা প্রাপকদের নিকট পৌঁছিয়ে দেয়া হয়।


বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম-এর সভাপতিত্বে অপরাহ্নে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল স্মারকবক্তৃতা, কবি সুফিয়া কামাল সম্মাননা প্রদান ও সঙ্গীতানুষ্ঠান। ‘সুফিয়া কামাল ও বাংলাদেশের নারীবাদী আন্দোলন’ শীর্ষক স্মারকবক্তৃতা প্রদান করেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক বিশ্বজিৎ ঘোষ। রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করেন শিল্পী ইফফাত আরা দেওয়ান এবং নজরুল সঙ্গীত পরিবেশন করেন খায়রুল আনাম শাকিল।

অনুষ্ঠানে সম্মাননা প্রাপ্তির স্বীকৃতিস্বরূপ মানপত্র পাঠ করা হয়। নূরজাহান মুরশিদ সম্পর্কে মানপত্র (citation) পাঠ করেন ডা. মারুফা এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট সম্পর্কিত মানপত্র পাঠ করেন দেবাহুতি চক্রবর্তী।

বক্তব্য রাখেন নূরজাহান মুরশিদের দুই কন্যা শারমীন মুরশিদ ও তাজিম মুরশিদ। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষে বক্তব্য রাখেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। তিনি কুমুদিনী ট্রাস্টকে সম্মাননা প্রদানের জন্য বাংলাদেশ মহিলা পরিষদকে ধন্যবাদ জানান।

সভাপতি ডা. ফওজিয়া মোসলেম এর বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠান সমাপ্ত হয়। ●

# Kumudini Trust Achieves 'Sufia Kamal Award-2021'




*Observation of Poet Sufia Kamal's 110th birth anniversary and presentation of Sufia Kamal Award-2021 to Kumudini Welfare Trust. Programme was virtually arranged by Bangladesh Mahila Parishad.*

Kumudini Welfare Trust was awarded the **Sufia Kamal Award-2021** at a function organized by the Bangladesh Mahila Parishad on the occasion of the 110th birth anniversary of poet Begum Sufia Kamal on June 20, 2021.At the same ceremony, the posthumous award of the previous year was given to journalist, teacher, politician and activist Nurjahan Murshid. The event was held online due to the pandemic. The declared honours and crests were not delivered directly to the recipients but were later passed on to the recipients.

Bangladesh Women's Council President Dr Fauzia Moslem presided in the programme, which included memorial speeches, poet Sufia Kamal honours and music. Rabindra University Vice-Chancellor Professor Biswajit Ghosh delivered a memorial speech titled 'Sufia Kamal and the Feminist Movement of Bangladesh'. Rabindra Sangeet was performed by artist Iffat Ara Dewan and Nazrul Sangeet was performed by Khairul Anam Shakil.

Citations of honour were read out at the ceremony. Dr Marufa and Debahuti Chakraborty read out citations related to Nurjahan Murshid and Kumudini Welfare Trust respectively.

After the announcement of the award, Sharmeen Murshid and Tajim Murshid, two daughters of Nurjahan Murshid, spoke about their mother. Mrs Srimati Shaha, Director of Kumudini Welfare Trust spoke on the occasion. She thanked Bangladesh Mahila Parishad for the honour. President Dr Fauzia Moslem ended the ceremony with a speech. ●



*Mrs Srimati Shaha, Director of Kumudini Welfare Trust, giving thanks to Bangladesh Mahila Paishad virtually for the honour.*




*Replica of the Award.*

# কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে ২১তম ব্যাচের এমবিবিএস ছাত্রীদের নবীনবরণ

গত ২ আগস্ট কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বি পি পতি হলে ২০২০-২১ সেশনের ২১তম ব্যাচের এমবিবিএস প্রথম বর্ষের ছাত্রীদের নবীনবরণ সম্পন্ন হয়।

করোনাজনিত কারণে অনলাইন ও অফলাইন এই দুই মাধ্যমে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আবদুল হালিম।

অনুষ্ঠানের প্রধান অতিথি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ও কলেজের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা 'জুম' এর মাধ্যমে অনুষ্ঠানে যুক্ত ছিলেন। 'জুম' এর মাধ্যমে আরও যুক্ত ছিলেন মির্জাপুর কমপ্লেক্সের প্রশাসক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়। আরও উপস্থিত ছিলেন কলেজের শিক্ষক-শিক্ষিকাগণ।

চার প্রধান ধর্মগ্রন্থের বিশেষ অংশ পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। তারপর নবীন ছাত্রীদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য দেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ডা. নিরঞ্জন চন্দ্র বসাক। নতুন ছাত্রীদের পরিচিতি পর্ব শেষে তাদের শপথ বাক্য (Hippocratic Oath) পাঠ করান কলেজের মেডিসিন বিভাগের প্রধান প্রফেসর ডা. মো. জাহাঙ্গীর কবির।

অনুষ্ঠানে দুই পর্যায়ে প্রদর্শিত হয় দু'টি প্রামাণ্য চিত্র। প্রথমটি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট এর কর্মকাণ্ড সম্পর্কিত এবং দ্বিতীয়টি সাম্প্রতিককালে কুমুদিনীর মির্জাপুর কমপ্লেক্সে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফর সম্পর্কিত।

নবীনদের পক্ষে বক্তব্য রাখেন বাংলাদেশী ছাত্রী সাদিয়া আফরিন খান ও ভারতীয় ছাত্রী আনুশা সরকার। অভিভাবকদের পক্ষে বক্তব্য রাখেন বাংলাদেশ থেকে সমরেশ চন্দ্র পাল এবং ভারত থেকে ডা. সাজিয়া কাচরু। উল্লেখ্য, ছাত্রী ও অভিভাবনগণ অনুষ্ঠানে অংশ নেন 'জুম' এর মাধ্যমে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যের আগে নবীনদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি ডা. প্রদীপ কুমার রায়, ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের প্রশাসক প্রতিভা মুৎসুদ্দি।

পরবর্তীতে অনুষ্ঠানের প্রধান অতিথি রাজীব প্রসাদ সাহা নবীনদের উদ্দেশ্যে বক্তব্য দিয়ে তাদের অনুপ্রাণিত করেন।

নবীনবরণ কর্মসূচির সমাপ্তি হয় অনুষ্ঠানের সভাপতি অধ্যাপক ডা. মো. আবদুল হালিমের বক্তৃতার মাধ্যমে।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইন্টার্ন চিকিৎসক ডা. নাহিদা সুলতানা ও এমবিবিএস পঞ্চম বর্ষের ছাত্রী শ্রেয়া ভট্টা রায়।

উল্লেখ্য, নবীনবরণের দিন থেকেই কলেজে নির্ধারিত সিলেবাস অনুসারে প্রথমবর্ষ এমবিবিএস এর ক্লাস শুরু হয়। ●

# Orientation Programme of 21st Batch MBBS Students of Kumudini Women's Medical College




*Orientation Ceremony of the 21st batch of MBBS first year students held online and offline on 2 August 2021 at B P Pati Hall of Kumudini Women's Medical College.*

Orientation ceremony of the 21st batch of 2020-21 session MBBS first year students was held on 2 August 2021 at the B P Pati Hall of Kumudini Women's Medical College. The Principal of the College Prof Dr Md Abdul Halim presided over the ceremony held online and offline.

The chief guest of the function was Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust and Chairman of the Board of Trustees of the College. Ms Protiva Mutsuddy, Administrator of Mirzapur Complex, Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha, Directors of Kumudini Welfare Trust were also present via 'Zoom'. Kumudini Hospital Director Dr P K Roy was present as a special guest and college teachers were also present.

The programme begun with reading special parts of the four main religious holy scriptures. Then the Vice Principal of the college, Prof Dr Niranjan Chandra Basak gave a welcome speech for the new students. At the end of the introductory session of the new students, their oath was read aloud by Prof Dr Jahangir Kabir, the Head of the Department of Medicine of the college.

Two documentaries were screened in two stages. The first is related to the activities of Kumudini Welfare Trust and the second is related to the recent visit of Hon'ble Prime Minister Sheikh Hasina to Kumudini's Mirzapur Complex.

Bangladeshi student Sadia Afrin Khan and Indian student Anusha Sarkar spoke on behalf of the newcomers. Mr Samaresh Chandra Pal from Bangladesh and Dr Sajia Kachru from India spoke on behalf of the parents. The students and parents took part in the programme via virtual platform 'Zoom'.

Before the speech of the chief guest, the special guest Dr P K Roy, Mrs Srimati Shaha, Director of the Trust and Ms Protiva Mutsuddy, Administrator of Mirzapur Kumudini Complex spoke. Later Mr Rajiv Prasad Shaha the chief guest of the programme, inspired the newcomers by addressing them.

The orientation ceremony ended with a speech from Professor Dr Md Abdul Halim. The ceremony was coducted by the intern doctor Nahida Sultana and MBBS fifth year student Shreya Bhatta Roy. It is noteworthy that the first year MBBS classes started from the day of the orientation ceremony. ●

## রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে 'মাস্টার্স অব পাবলিক হেল্থ' প্রোগ্রাম চালু হচ্ছে

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় (আরপিএসইউ) এর জন্য 'কুমুদিনী স্কুল অব পাবলিক হেল্থ' অনুষদভুক্ত 'ডিপার্টমেন্ট অব পাবলিক হেল্থ' বিভাগের অধীনে 'মাস্টার্স অব পাবলিক হেল্থ' প্রোগ্রামটি চালু করার অনুমোদন দিয়েছে।

কুমুদিনী স্কুল অব পাবলিক হেল্থ-এর লক্ষ্য দেশের সর্বসাধারণের রোগ প্রতিরোধ করা, স্বাস্থ্য উন্নীতকরণ ও তাদের জীবনমানের অগ্রগতি সাধন।

একটি বিশ্বমানের পাবলিক হেল্থ ইনস্টিটিউট হিসাবে গড়ে তুলে বিশেষ করে দরিদ্র ও অভাবগ্রস্ত মানুষদের স্বাস্থ্যসেবাদানের লক্ষ্যে শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞানে অভিজ্ঞ করাই কুমুদিনী পাবলিক হেল্থ স্কুলের রূপকল্প বা ভিশন। এই ইনস্টিটিউটের উদ্দেশ্য বা মিশন শুধু দরিদ্র ও দুঃস্থ জনগোষ্ঠির সেবাদানের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না, গবেষণা ও নতুন কিছু প্রবর্তন করার বিষয়ও অন্তর্ভুক্ত থাকবে।

আরপিএসইউ থেকে পাবলিক হেল্থ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করে শিক্ষার্থীগণ দেশ-বিদেশে সরকারি-বেসরকারি জনস্বাস্থ্যসেবা খাতে অবদান রাখতে সক্ষম হবে। ●

## Launching of 'Masters of Public Health' Programme at RPSU

The Bangladesh University Grants Commission (UGC) has approved the launch of the Masters of Public Health programme by Randa Prasad Shaha University (RPSU) under the Department of Public Health, a faculty of Kumudini School of Public Health.

The aim of Kumudini School of Public Health is to help prevent diseases, promote health and improve quality of life of the general people of Bangladesh.

The vision of Kumudini Public Health School is to develop as a world class public health institute and to impart practical knowledge to the students especially for the purpose of providing health care to the poor and needy people. The purpose or mission of this institute will not be limited to serving the poor and needy but will also include research and innovation. Graduating students will be able to contribute to the public health sector both at home and abroad. ●

## কুমুদিনী ফার্মার আরও দু'টি নতুন ওষুধ

সম্প্রতি কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) দু'টি নতুন ওষুধ বাজারজাত করেছে। একটি হলো সাপ্রিনো সিরাপ এবং আরেকটি জয়েন্টকেয়ার ট্যাবলেট।

**সাপ্রিনো সিরাপ :** এটি শুষ্ক কফ থেকে মুক্তির জন্য ব্যবহৃত হয়। যে কোন কারণে সৃষ্ট তাৎক্ষণিক কফ, শল্য চিকিৎসার আগে ও পরে কফ নিরোধে সাপ্রিনো নির্দেশিত। শ্বাসতন্ত্রের নিম্নাংশের সংক্রমণে সৃষ্ট কফ এবং হুপিং কফেও সাপ্রিনো নির্দেশিত। এর প্রতিটি বোতলে রয়েছে ১০০ মি.লি. সিরাপ।

**জয়েন্টকেয়ার ট্যাবলেট :** অস্টিওআর্থ্রাইটিস, রিউমাইয়েড আর্থ্রাইটিস, দুই হাড়ের সংযোগ স্থানের ক্ষয়জনিত ব্যথা এবং দীর্ঘস্থায়ী কোমরের ব্যথায় ওষুধটি নির্দেশিত। তবে গর্ভাবস্থা ও স্তন্যদানকালে এটি নির্দেশিত নয়। এর প্রতি বাক্সে ব্লিস্টার প্যাকে ২০টি করে ট্যাবলেট থাকে।

উল্লেখ্য, সকল প্রকার ওষুধ চিকিৎসকের প্রেসক্রিপশন অনুসারে সেব্য কিংবা ব্যবহার্য। ●

## KPL Introduces Two More Drugs

Recently Kumudini Pharma Ltd (KPL) has marketed two drugs. They are Supreno Syrup and Jointcare Tablet.

**Supreno Syrup :** This is used to relieve dry cough. Dry cough may be caused by viral infection. Supreno is also used for pre & post operative cough sedation in patients who will undergo surgical procedures. It is also indicated in acute cough of any etiology, whooping cough and cough due to acute lower respirating tract infections. Each bottle of Supreno contains 100 ml syrup.

**Jointcare Tablet :** This tablet is indicated for the treatment of Osteoarthritis, Rhenmatoid arthritis & joint injuries. Each box of jointcare tablet contains 20 tablets in blister pack.

All types of medicines are available according to the doctor's prescription. ●




*Supreno Syrup*




*Jointcare Tablet*

# সম্প্রতি যাদের হারিয়েছি

# Those Who We Have Lost Recently

কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) এর সহকারী ব্যবস্থাপক, এমআইএস অ্যান্ড সেলস এডমিন মো. শহীদুর রহমান করোনায় আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ২০ এপ্রিল ঢাকার একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। তিনি কেপিএল এর ব্রাহ্মণবাড়িয়া অঞ্চলে ২০১২ সালে আরএসএম হিসাবে যোগদান করেন এবং পরে মৃত্যুর পূর্ব পর্যন্ত ঢাকায় কেপিএল-এর প্রধান দপ্তরের সঙ্গে যুক্ত ছিলেন। দীর্ঘ নয় বছরের কর্মজীবনে তিনি অত্যন্ত সততার সঙ্গে কাজ করে গেছেন। রাজবাড়ির পাংশায় তার গ্রামের বাড়ি। আমরা তার বিদেহী আত্মার চির শান্তি কামনা করি। মরহুম মো. শহীদুর রহমানের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি রইল আমাদের গভীর সমবেদনা।



*Late Md Shahidur Rahman*

Kumudini Pharma Ltd (KPL) Assistant Manager, MIS & Sales Admin. Md Shahidur Rahman died at a hospital in Dhaka on 20 April 2021 after being infected with Corona. He joined KPL's Brahmanbaria region as RSM in 2012 and was associated with KPL's headquarters in Dhaka until his death. In his long nine-year career, he has worked with utmost honesty. His village home is in Pangsha of Rajbari. We pray for eternal peace of the departed soul. Our deepest sympathies remain with his bereaved family.

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ঢাকা অফিসে কর্মরত সিনিয়র অ্যাকাউন্টস অফিসার মো. সাইফুল ইসলাম হৃদরোগে আক্রান্ত হয়ে গত ৬ জুলাই তার ঢাকার বাসস্থানে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫০ বছর। সদালাপী ও নিষ্ঠাবান এই কর্মকর্তা ২০০৪ সালে কুমুদিনীতে যোগদান করেন। তার গ্রামের বাড়ি টাঙ্গাইলের করটিয়ায়। আমরা তার বিদেহী আত্মার চির শান্তি কামনা করি। মরহুম মো. সাইফুল ইসলামের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি রইল আমাদের গভীর সমবেদনা।



*Late Md Saiful Islam*

Md Saiful Islam, Senior Accounts Officer of Kumudini Women's Medical College Dhaka office died of a heart attack on 6 July 2021 at his residence in Dhaka. He was 50 years old at the time of his death. This kind and dedicated officer joined Kumudini in 2004. His village home was in Korotia, Tangail. We pray for eternal peace of the departed soul. Our deepest sympathies remain with his bereaved family.

# কুমুদিনী হাসপাতাল
## চিকিৎসা পরিসংখ্যান
মে-আগস্ট : ২০২১

টিকাদান কর্মসূচি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| পোলিও | ৩৮১ | ৩৬৫ | ৩২৩ | ৪০৮ |
| টিটি | ৮১ | ৯৮ | ১০১ | ১৭৯ |
| বিসিজি | ১০০ | ১১৯ | ১০৭ | ১৩৪ |
| রুবেলা | ২০৫ | ৩৯৮ | ২২১ | ২৯১ |
| প্যান্টাভ্যালেন্ট | ৩৬৫ | ৩৪৬ | ৩০৪ | ৩৯১ |
| পিসিভি | ৩৬৫ | ৩৪৬ | ৩০৪ | ৩৯১ |
| এফ,আই,পি,ভি | ২৫৬ | ২২৫ | ২০৭ | ৫০৩ |

হাসপাতালে ভর্তিকৃত রোগী

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| ভর্তি | ২৫৭৫ | ৩৩৮১ | ২৮০৯ | ৩৪৮৩ |

বহির্বিভাগে মোট রোগী

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ২১৮৫৮ | ৩১১৬০ | ২০২৯৮ | ৩২১৪৯ |

হাসপাতালে মৃত্যু

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ৯২ | ১১৬ | ১৬৩ | ১৩৩ |

অস্ত্রোপচার পরিসংখ্যান সার্জারি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৬৮ | ১০০ | ৫৮ | ৯৩ |
| সেমি মেজর | ৩১ | ৩০ | ১১ | ৩৭ |
| মাইনর | ২২৭ | ২৬৮ | ১৯৯ | ২৭৩ |

অর্থোপেডিক্স

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৫১ | ৬৮ | ২৮ | ৪৯ |
| সেমি মেজর | ৩৭ | ২৫ | ৩২ | ৩৪ |
| মাইনর | ৫৪৫ | ৬৫৯ | ৫৪৬ | ৬০২ |

নাক, কান, গলা

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ২৪ | ৪৭ | ১৫ | ৪৭ |
| মাইনর | ৬০ | ৭০ | ৬১ | ৯২ |

গাইনি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৩৭ | ৫৪ | ৩১ | ৪৭ |
| সেমি মেজর | ৪৮ | ৬৬ | ৪০ | ৫৪ |
| মাইনর | ৩ | ৫ | ৫ | ৬ |

অবসটেট্রিক্স

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১৫৭ | ১৬৩ | ১৩৮ | ১৯৩ |
| স্বাভাবিক | ১০৮ | ৯৭ | ১৩১ | ১২৯ |

চক্ষু

| অপারেশন | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| সর্বমোট | ৭৯ | ৩৩২ | ৬৩ | ২৭০ |

দন্ত

| অপারেশন | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৩ | ৫ | ১ | ৩ |
| সেমি মেজর | ৩৫ | ৭০ | ৩৫ | ৫৬ |
| মাইনর | ১৩০ | ২১০ | ১২৭ | ১৯৯ |

| মাইনর অপারেশন | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| বহির্বিভাগ | ৭৬৩ | ৮৩৫ | ৬৬৭ | ৮০৪ |

চক্ষু শিবির

| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| বিদ্যানন্দ, ময়মনসিংহ | ৮/৫/২০২১ | ২৪ | ৩৩ | ৫৭ |
| পঁচিশমাইল, মধুপুর | ১৬/৫/২০২১ | ১২ | ১৬ | ২৮ |
| বিদ্যানন্দ, ময়মনসিংহ | ৭/৬/২০২১ | ৭৮ | ১১৮ | ১৯৬ |
| পঁচিশমাইল, মধুপুর | ১৫/৬/২০২১ | ১৬৮ | ১০৭ | ২৭৫ |
| পঁচিশমাইল, মধুপুর | ১৫/৭/২০২১ | ১৪ | ১৯ | ৩৩ |
| দেলদুয়ার, টাঙ্গাইল | ১/৮/২০২১ | ১৮ | ৩ | ২১ |
| হাবলা, বাসাইল | ৩/৮/২০২১ | ৩৯ | ৫০ | ৮৯ |
| বিদ্যানন্দ, ময়মনসিংহ | ৭/৮/২০২১ | ৬৪ | ৮৫ | ১৪৯ |
| মধুপুর, টাঙ্গাইল | ১৬/৮/২০২১ | ৭০ | ৪৬ | ১১৬ |
| নলুয়া, টাঙ্গাইল | ২১/৮/২০২১ | ৫ | ৩ | ৮ |

# Kumudini Hospital
## Treatment Statistics
May-August : 2021

Vaccination Programme

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Polio | 381 | 365 | 323 | 408 |
| TT | 81 | 98 | 101 | 179 |
| BCG | 100 | 119 | 107 | 134 |
| Robela | 205 | 398 | 221 | 291 |
| Pantavalent | 365 | 346 | 304 | 391 |
| PCV | 365 | 346 | 304 | 391 |
| FIPV | 256 | 225 | 207 | 503 |

Patient Admitted in Hospital

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Admission | 2575 | 3381 | 2809 | 3483 |

Out Patient

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 21858 | 31160 | 20298 | 32149 |

Patient Death in Hospital

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 92 | 116 | 163 | 133 |

Surgery Operation

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 68 | 100 | 58 | 93 |
| Semi Major | 31 | 30 | 11 | 37 |
| Minor | 227 | 268 | 199 | 273 |

Orthopaedics

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 51 | 68 | 28 | 49 |
| Semi Major | 37 | 25 | 32 | 34 |
| Minor | 545 | 659 | 546 | 602 |

ENT

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 24 | 47 | 15 | 47 |
| Minor | 60 | 70 | 61 | 92 |

Gynae

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 37 | 54 | 31 | 47 |
| Semi Major | 48 | 66 | 40 | 54 |
| Minor | 3 | 5 | 5 | 6 |

Obstetrics

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 157 | 163 | 138 | 193 |
| Normal | 108 | 97 | 131 | 129 |

Eye

| Operation | May | June | July | August |
|---|---|---|---|---|
| Total | 79 | 332 | 63 | 270 |

Dental

| Operation | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 3 | 5 | 1 | 3 |
| Semi Major | 35 | 70 | 35 | 56 |
| Minor | 130 | 210 | 127 | 199 |

| Minor Operation | May | June | July | August |
|---|---|---|---|---|
| Out Patient | 763 | 835 | 667 | 804 |

Eye Camp

| Address | Month/Date | Male | Female | Total |
|---|---|---|---|---|
| Bidyananda, Mymensingh | 8/5/2021 | 24 | 33 | 57 |
| Pachishmile, Modhupur | 16/5/2021 | 12 | 16 | 28 |
| Bidyananda, Mymensingh | 7/6/2021 | 78 | 118 | 196 |
| Pachishmile, Modhupur | 15/6/2021 | 168 | 107 | 275 |
| Pachishmile, Modhupur | 15/7/2021 | 14 | 19 | 33 |
| Delduar, Tangail | 1/8/2021 | 18 | 3 | 21 |
| Habla, Basail | 3/8/2021 | 39 | 50 | 89 |
| Bidyananda, Mymensingh | 7/8/2021 | 64 | 85 | 149 |
| Modhupur, Tangail | 16/8/2021 | 70 | 46 | 116 |
| Nalua, Tangail | 21/8/2021 | 5 | 3 | 8 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024
e-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website : www.kumudini.org.bd